

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৩৬

আগরতলা, ২৪ সেপ্টেম্বর, ২০২৪

### জিরানীয়া মহকুমায় স্টেট এনফোর্সমেন্ট টিমের অভিযান

জিরানীয়া মহকুমায় সম্প্রতি রেশন শপ, ই-কমার্স ও বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানে স্টেট এনফোর্সমেন্ট টিম পরিদর্শন করে। লিগ্যাল মেট্রোলজি দপ্তরের অধীনে সদ্য গঠিত এই স্টেট এনফোর্সমেন্ট টিম মহকুমার বিভিন্ন দোকান পরিদর্শন করে এবং বিভিন্ন অসঙ্গতি লক্ষ্য করে। পরিদর্শনের সময় স্টেট এনফোর্সমেন্ট টিম দুটি রেশন শপ ও অন্যান্য দুটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে। লিগ্যাল মেট্রোলজি দপ্তরের নিয়ামক এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*